# PROSPECTUS

for NCVT Affiliated ITI Trade Courses

NCVT

ITI
Industrial Training Institute

# NANDIGRAM BHUTNATH INSTITUTE OF TECHNOLOGY

*Pvt. Industrial Training Institute*

An ISO 9001 : 2008 Certified Organisation

**Change YOUR Life**


NBIT
Industrial Training Institute

**Trade Course Affiliated to :**
**NCVT Under DGE&T Ministry of Labour & Employment, Govt. of India, DIT Govt. of WB**

Reapara (Shib Mandir), Nandigram, Purba Medinipur,721650, West Bengal
Ph. (Off.)- 03224-271433, 8159956005

A Constituent of BPMRDS

# Specimen of Certificate



क्र.स. (एन.टी.सी.) 20
Sl. No (N.T.C.) 20

भारत सरकार
GOVERNMENT OF INDIA

श्रम एवं रोजगार मंत्रालय
MINISTRY OF LABOUR AND EMPLOYMENT

राष्ट्रीय व्यवसायिक प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL FOR VOCATIONAL TRAINING

## राष्ट्रीय व्यवसाय प्रमाण-पत्र
## NATIONAL TRADE CERTIFICATE

श्री/श्रीमती/कुमारी........................................................................
सुपुत्र/पत्नी/सुपुत्री श्री........................................................................को
........................................................................................में
प्रशिक्षण पूरा करने और माह........................................सन् दो हजार........................
में आयोजित........................................................की निर्धारित व्यवसाय
परीक्षा में उत्तीर्ण होने पर यह व्यवसाय प्रमाण-पत्र प्रदान किया जाता है।

*Shri/Shrimati/Kumari*........................................................................
*Son/Wife/Daughter of Shri*........................................................................
*having completed the course of training at*........................................................................
........................................................................*and passed*
*the prescribed trade test in the trade of*........................................................................
........................................ *held in the month of*........................................
*Two Thousand*........................................ *is awarded this Trade Certificate.*

संचिव
Secretary
राष्ट्रीय व्यवसायिक प्रशिक्षण परिषद्
National Council for Vocational Training

सचिव
Secretary
राज्य व्यवसायिक प्रशिक्षण परिषद्
State Council for Vocational Training




## অনুমোদন


*Trade Course Affiliated to :*
*NCVT Under DGE & T*
*Ministry of Labour &*
*Employment,*
*Govt. of India,*

DIT Govt. of West Bengal

## অবস্থান

***Reapara, Nandigram, Purba Medinipur***
***PIN- 721650, West Bengal***
***Phone (Off.) - (03224) 271 433***
***Mobile - 8159956005***
***Email : nbitpiti2010@gmail.com***
***Website : www.nbitpiti.org***





# আমাদের লক্ষ্য

১। কারিগরী শিক্ষা বিস্তার সম্বন্ধে সামাজিক চেতনার বার্তা বহন।

২। শিক্ষার্থীদের ট্রেড সম্পর্কে সচেতন করে উৎসাহ প্রদান।

৩। শিক্ষার্থীদের প্রাথমিক দক্ষতা প্রদান করে, সঠিক পদ্ধতিতে কাজ সম্পন্ন করার সামর্থ্য প্রদান।

৪। নিরাপদে কাজ করার জন্য সুকৌশল অভ্যাস করানো, মনোবল এবং দক্ষতা প্রদান করা।

৫। ভবিষ্যতে সুন্দর সাফল্যের জন্য ধারাবাহিকভাবে ব্যবহারিক (প্র্যাকটিক্যাল)বিষয়ে কাজের অভ্যাস করানো।

৬। জ্ঞান, কর্মদক্ষতা ও সক্ষমতা প্রদান করা, যাতে শিক্ষার্থী ইঞ্জিনিয়ারিং ড্রয়িং সম্বন্ধীয় কাজ কারও সাহায্য ছাড়াই পড়ে-বুঝে স্বনির্ভরভাবে কাজ করতে পারে।

৭। ক্রমবিকাশশীল শিল্পের (ইণ্ডাস্ট্রি) উপযোগী করে ছাত্রছাত্রীদের কারিগরী দক্ষতা, জ্ঞান ও বোধের মানোন্নয়ন ঘটানো।

৮। লিখন, শিখন ও ব্যবহারিক অভ্যাস এবং প্রয়োগের মাধ্যমে সক্ষমতার উন্নয়ন ঘটানো।

৯। নিয়মানুবর্তিতা, শিষ্টাচার, চারিত্রিক বল ও মানবিক গুণমান বৃদ্ধি ঘটানো।

১০। গুছিয়ে কাজ করার সাথে সাথে কর্মগুচ্ছ পরিচালনা করার দক্ষতা বৃদ্ধি করা।

১১। ব্যক্তিগত জীবন, কর্মজীবন এবং সামাজিক জীবনে পরিবর্তন আনা।

১২। সামাজিক দায়বদ্ধতা, সামাজিকতা, সামাজিক মান্যতা এবং সামাজিক মানুষ হিসেবে প্রতিষ্ঠার জন্য শিক্ষার্থীদের দিশা প্রদান করা।

১৩। কর্মস্থলে দক্ষ সৈনিক হিসেবে নিজেকে তুলে ধরার মনোবল তৈরী করা।

'শিখে কাজ করলে শ্রম-বেকারত্বের হবে বির্সজন'।

# কথামুখ

"এখন চাই স্বাধীনভাবে স্বদেশী বিদ্যার সঙ্গে ইংরাজী আর বিজ্ঞান পড়ান, চাই **technical education** (কারিগরী বিদ্যা), আর যাহাতে **Industry** (শিল্প) বাড়ে, লোকে চাকরি করিয়া যাহাতে কিছু উপার্জন করিতে পারে।"

- বিবেকানন্দ

নন্দীগ্রামের রেয়াপাড়াতে ডা. শচীন্দ্রনাথ প্রধান তাঁর পিতার স্মৃতির উদ্দেশ্যে এলাকার বিদগ্ধ গুণীজনদের নিয়ে প্রথম 'ভুতুনাথ প্রধান মেমোরিয়াল রুর‍্যাল ডেভেলাপমেন্ট সোসাইটি' গঠন করেন কারিগরী শিক্ষার প্রসার ঘটানোর জন্য। প্রাথমিকভাবে সেই কাজ শুরু হলেও নানান প্রতিবন্ধকতায় এই প্রক্রিয়া অসমাপ্ত থাকে। পরবর্তী কালে পরিচালন কমিটির কর্মকুশলতায় প্রথম ২০০৫ সালে এই সংস্থার অধীন 'কবি সুকান্ত সেকেণ্ডারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট', বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন সাপেক্ষে বি. এড়. কলেজরূপে আত্মপ্রকাশ করে। আর থামতে হয়নি। প্রগতির চাকা দ্রুতগতিতে ছুঁয়ে চলে একের পর এক বন্দর। ২০০৭ সালে **NCTE**-এর অনুমোদন পায় এই প্রতিষ্ঠান। ২০০৬ সালে **WBSCVE & T** - এর অনুমোদন সাপেক্ষে এলাকার যুবক-যুবতীদের জন্য ৬ মাসের 'প্যারামেডিক্যাল', 'আমিন সার্ভে' এবং পরবর্তীকালে 'টেলারিং ট্রেনিং' দেওয়ার কাজ শুরু হয়। বর্তমানে এখান থেকেপ্যারামেডিক্যাল ট্রেনিংপ্রাপ্ত বহু ছাত্রছাত্রী নামকরা বিভিন্ন নার্সিংহোমে এবং সেবা প্রতিষ্ঠানে দক্ষতার সঙ্গে জীবিকা নির্বাহ করছে। সেইসঙ্গে সার্ভে ট্রেনিংপ্রাপ্ত ছেলেরা ভারতের বিভিন্ন রাজ্যে জরিপ কাজে যুক্ত হয়েছে এবং বেশকিছু ছাত্র নিজেকে প্রতিষ্ঠিত সার্ভেয়ার হিসাবে গড়ে তুলেছে। এই একই সময়ে **WBSCVE & T**-র কাছ থেকে উচ্চমাধ্যমিক **H.S. (Voc)** ইঞ্জিনিয়ারিং টেকনোলজি ও পরবর্তীকালে হোম সায়েন্স পড়ানোর জন্য ছাড়পত্র পায় এই প্রতিষ্ঠান। বর্তমানে প্রথাগত **H.S.** ও **H.S. (Voc)** সমতুল্য।

২০০৯ সালে ডিসেম্বর মাসে **NCVT**-র **MES** ( কোর্স পড়ানোর অনুমতি মিলেছে কেন্দ্রীয় সরকারের শ্রম এবং নিয়োগ মন্ত্রক ও পশ্চিমবঙ্গ সরকারের কারিগরী শিক্ষা দপ্তর থেকে। ভারত সরকারের দ্রুত দক্ষ কর্মী তৈরী করার ঐকান্তিক প্রচেষ্টায় **SIDS** স্কীমের মাধ্যমে (**MES** কোর্স করলে সরাসরি **NCVT** সার্টিফিকেট পাওয়া যায়) ওয়েল্ডিং, টেলারিং, কম্পিউটার, মেডিক্যাল ও নার্সিং, সার্ভে, সিকিউরিটি গার্ড ও সফ্ট স্কীল এই সাতটি কোর্সের ট্রেনিং শুরু হয়েছে জানুয়ারী ২০১০ থেকে। এই একই বছরে **NCTE** ও **WBBPE** - এর অনুমোদন নিয়ে রেয়াপাড়া প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে **D.El.ED Course** শুরু হয়েছে। ২০১০ -এ 'নন্দীগ্রাম ভুতুনাথ ইনস্টিটিউট অফ টেকনোলজি' নামে **Pvt. Industrial Training Institute** গঠন করা হয়। **NCVT affiliated ITI Trade Course** পড়ানোর জন্য সুবৃহৎ ওয়ার্কশপ, ল্যাবরেটরি ও দক্ষ শিক্ষকদের দ্বারা চলছে কারিগরী শিক্ষাদান। ইতোমধ্যে বেশ কয়েকটি কোম্পানীর সঙ্গে টাই-আপ হয়েছে অ্যাপ্রেন্টিসসিপের জন্য হাতে-নাতে কাজ শিখে দক্ষ কারিগর গড়ে তুলতে আমাদের এই প্রচেষ্টা। ছাত্রছাত্রীদেরও সচেতন হতে হবে, কাজ শিখে নিতে হবে, বুঝে নিতে হবে যান্ত্রিক সমস্যা ও সমাধান, তাহলেই কর্মপ্রাপ্তি হবে সুনিশ্চিত। আগামীদিন হাতছানি দিচ্ছে কাজ জানা সার্ভিস ইঞ্জিনিয়ার ও দক্ষতাসম্পন্ন যুব সম্প্রদায়ের প্রতি। শৃঙ্খলাবদ্ধ ছাত্রমন, অধ্যবসায়, জানা ও শেখার চেষ্টা ও কর্মতৎপরতাই পারে একজন নাগরিককে সুপ্রতিষ্ঠিত করতে। এক্ষেত্রে প্রথমেই চাই, যে প্রতিষ্ঠানে পাঠদান করতে এসেছি, তাকে মাতাপিতার মতো শ্রদ্ধা করা। দ্বিতীয়তঃ শিক্ষক-শিক্ষিকাদের গুরু হিসাবে গ্রহণ করা এবং তৃতীয়তঃ সততা ও অধ্যবসায়।


আহ্বানে বলি, যারা এগুলি পালন করতে সক্ষম তারাই আসুক আমাদের প্রতিষ্ঠানে ছাত্রছাত্রী হয়ে ভর্তি হতে। পরিশেষে বলি, আগামীদিন জুনিয়র নার্সিং কলেজ গড়ার উদ্যোগ গৃহীত হচ্ছে। আসুন; সকলের সহযোগিতায় প্রতিষ্ঠানগুলি গৌরবোজ্জ্বল হোক্ স্থাপত্যে, পরিণত হোক্ আগামীর জন্য।

'যে শিক্ষায় জীবনে নিজের পায়ের উপর দাঁড়াতে পারা যায়, সেই হচ্ছে শিক্ষা'

-বিবেকানন্দ।

## জনগণের শুভেচ্ছায় গড়ে ওঠা প্রতিষ্ঠানগুলি

| প্রতিষ্ঠানের নাম | পাঠক্রম | অনুমোদনের সন | কোর্সের সময়সীমা | Affiliated to |
|---|---|---|---|---|
| Kabi Sukanta Secondary Teachers' Training Institute | বি.এড / B.Ed. | 2005 | 2 বছর | Vidyasagar University Recognised by NCTE |
| Kabi Sukanta Secondary T.T. Institute<br>এখানে উচ্চ মাধ্যমিক পড়া যায় | উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল)<br>H.S. (Voc.) Computer<br>H.S. (Voc.) Home Sc. | 2006<br>2010 | 2 বছর | West Bengal State Council of Technical and Vocational Education and skill Development |
| | VIII + Level Courses<br>ক) প্যারামেডিক্যাল<br>খ) আমিন সার্ভে<br>গ) টেলারিং | 2006<br>2006<br>2006 | 6 মাস | |
| Reapara Primary Teachers' Training Institute | ডি.এড / D.El.Ed. (PTTI) | 2010 | 2 বছর | West Bengal Board of Primary Education Recognised by NCTE |
| Nandigram Bhutnath Institute of Technology Pvt. Industrial Training Institute | ITI Course<br>1. Fitter (ফিটার)<br>2. Electrician (ইলেকট্রিসিয়ান)<br>3. Surveyor (সার্ভেয়র) | 2010<br>2010<br>2011 | 2 বছর<br>2 বছর<br>1 বছর | NCVT Under DGE & T Ministry of Labour & Employment Govt. of India DIT Govt. of West Bengal |



# শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মী

আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে সুযোগ্য শিক্ষক-শিক্ষিকা যথেষ্ট অভিজ্ঞতা ও দক্ষতার সঙ্গে পাঠদান করেন। কারিগরী বিভাগের শিক্ষক-শিক্ষিকাদের নিজ বিভাগের কাজের অভিজ্ঞতা থাকায় ব্যবহারিক ক্ষেত্রে তার প্রয়োগ ফুটে উঠে। শ্রেণীকক্ষে এবং ব্যবহারিক শিক্ষাদানের জন্য আধুনিক **'Audio Visual System'** ব্যবহার করে তাঁরা ছাত্রছাত্রীদের বোধের কাছে পৌঁছাতে পারেন, সকল ছাত্রছাত্রী, দরদী শিক্ষক-শিক্ষিকাই এই প্রতিষ্ঠানের প্রধান মূলধন। সেইসঙ্গে দক্ষ শিক্ষাকর্মীবৃন্দ তাঁদের দরদ দিয়ে লালন করেন এই শিক্ষা প্রতিষ্ঠানটিকে।

# সুলুক সন্ধান

**ওয়ার্কশপ্-** সুবৃহৎ ৬৫০ বর্গ মিঃ ওয়ার্কশপ্ কারিগরী বিভাগের ছাত্রছাত্রীদের প্রকৃত কারিগর গড়ে তোলে। পাশাপাশি একের পর এক ইলেকট্রিক্যাল, ফিটার, ওয়েল্ডিং, সার্ভে ও কম্পিউটার ওয়ার্কশপ্গুলি সর্বদা ছাত্রছাত্রীদের ব্যবহারের জন্য উন্মুক্ত রেখে আমরা প্রমাণ করছি, কিভাবে হাতে-নাতে শিক্ষার মাধ্যমে কারিগরী শিক্ষা দিতে হয়। ওয়ার্কশপ্গুলি কেবল দৃষ্টিনন্দন নয়, ছাত্রছাত্রীদের মনকে আগ্রহী করে কাজ শিখতে।

**ল্যাবর‍্যাটরি-** আমাদের কলেজের উন্নতমানের কেমিস্ট্রি, ফিজিক্স এবং ইঞ্জিনিয়ারিং ল্যাবর‍্যাটরি ছাত্রছাত্রীদের ভবিষ্যতের পথ দেখায়।

**কম্পিউটার-** দুটি কম্পিউটার ল্যাবরেটরি, ছাত্রছাত্রীদের মাথাপিছু বরাদ্দ কম্পিউটার প্রমাণ করে আগামীদিনে কম্পিউটার শিক্ষার আবশ্যকতা। সর্বশিক্ষাকে সাথী করে কম্পিউটার শিক্ষার আবশ্যকতা। সর্বশিক্ষাকে সাথী করে কম্পিউটার শিক্ষা যখন এই শতাব্দীর প্রগতির দ্বার হয়ে দাঁড়ায় তখন উক্ত বিষয়ের আমরাই দাবী রাখি সঠিক পথ দেখাবার।

**উন্মুক্ত ময়দান-** শীত, গ্রীষ্ম,বর্ষা আসে যায়, কিন্তু শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন ময়দান সার্ভে বা জরিপ এবং প্রাক্টিসের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতার সৃষ্টি করে না। তাই সারা বছর যেকোন ঋতুতে আমরা প্রশিক্ষণের কাজ চালিয়ে যাই নিরলসভাবে।


**পাঠাগার-** গ্রন্থাগার বিষয়ভিত্তিক চর্চায় ছাত্রছাত্রীদের বিশেষভাবে সাহায্য করে। অন্যদিকে কারিগরী বিভাগের ছাত্রছাত্রীদের জন্য গ্রন্থাগার সর্বদা নতুন কিছু জানার ও গড়ার সোপান হিসাবে হাতছানি দেয়।


**খেলাধূলা-** স্বাস্থ্যই সম্পদ, দেহ-মনকে সতেজ রাখতে শরীর চর্চা অত্যন্ত জরুরী। শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন বিস্তীর্ণ খেলার মাঠ ক্রীড়াচর্চার সুযোগ পেতে অসুবিধা হয় না।

**ড্রয়িং হল-** ড্রয়িং ইঞ্জিনিয়ারিং ট্রেডের মাতৃভাষা। দৃষ্টিনন্দন ড্রয়িং হল ছাত্রছাত্রীদের ভবিষ্যতের পথ দেখায়।


WORKSHOP
FITTER
NANDIGRAM BHUTNATH INSTITUTE OF TECHNOLO
Industrial Training Centre


WORKSHOP
FITTER



NANDIGRAM BHUTNATH INSTI
FITTER WORKSHOP

WORKSHOP
FITTER
NANDIGRAM BHUTNATH INSTITUTE OF TECHNOLO

# সুলুক সন্ধান

**সাংস্কৃতিক অনুষ্ঠান-** সাংস্কৃতিক অনুষ্ঠান ছাত্রছাত্রী ও শিক্ষক- শিক্ষিকাদের মেল বন্ধন ঘটিয়ে আজকের ছাত্র আগামীতে সমাজের দায়িত্বশীল নাগরিক গড়ে তোলে। শিক্ষক দিবস, বিশ্ব পরিবেশ দিবস পালন, বিশ্বকর্মা পূজা এবং সরস্বতী পূজাকে কেন্দ্র করে বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান বিভাগের ছাত্রছাত্রীদের মধ্যে আত্মিক পরিচিত ঘটায়।

**দেওয়াল পত্রিকা-** দেওয়াল পত্রিকা কলেজের ছাত্র-ছাত্রীদের শিল্প-সংস্কৃতি, আত্মপ্রত্যয়, সাহিত্য প্রতিভা ও জনচেতনা প্রসারে সহায়তা করে।

**শিক্ষামূলক ভ্রমণ -** বছরে একবার শিক্ষামূলক ভ্রমণ থেকে শিক্ষা নিয়ে মানসিক উন্মেষ ও বিকাশ ঘটাতে সাহায্য করে। তাছাড়া দ্বিতীয়বর্ষের ছাত্রদের সিলেবাসের নিয়ম অনুযায়ী আবশ্যিকভাবে **Industrial Tour** করতে হয়। (খরচ অতিরিক্ত)

**ছাত্রাবাস-** ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক অথারাইজ্ ছাত্রাবাস ব্যবস্থা রয়েছে। প্রতিটি ক্ষেত্রে স্নান ও পানীয় জলের সুব্যবস্থা, বিদ্যুৎ, শৌচাগার অভিনবত্বের দাবি রাখে।

**ন্যাশানাল ট্রেড সার্টিফিকেট -** নির্ধারিত শিক্ষাগ্রহণ পর্বে চারবার সেমিষ্টার পরীক্ষা **'National Council for Vocational Training (NCVT)'** কর্তৃক আয়োজিত হয়। **All India Trade Test (AITT)** - এর চারটি সেমিস্টার যারা উত্তীর্ণ হবে, তারা **National Trade Certificate (NTC)** পাবে।

**ক্যাম্পাসিং ও প্লেসম্যান্ট -** ধারাবাহিকভাবে আমাদের সকল ছাত্র-ছাত্রীকে আমরা প্লেসম্যান্ট ও অ্যাপ্রেন্টিশিপের জন্য সহযোগিতা করে যাচ্ছি। যার ফলে তারা নিজেদের সুপ্রতিষ্ঠিত করতে পেরেছে বহু নামী কোম্পানীতে, কেউ বা সরকারী বা বেসরকারী অধিকৃত সংস্থায়।

**স্টাইপেণ্ড-** **SC, ST, OBC, Minority,** বিড়ি শ্রমিক প্রভৃতি পরিবারের ছাত্রছাত্রী সরকারী নিয়ম অনুসারে সকলপ্রকার স্টাইপেণ্ড পাবে, তবে সমস্তক্ষেত্রে ছাত্রছাত্রীদের অফিসের সঙ্গে যোগায়োগ করতে হবে। স্টাইপেণ্ডের সমূহ টাকা ছাত্রছাত্রীদের নিজেদের **'Bank A/c'** -এ নিতে হবে। কোনো ছাত্রছাত্রী যদি নির্দিষ্ট সময়ের মধ্যে অফিসে যোগাযোগ না করে, তাহলে তার দায়বদ্ধতা কর্তৃপক্ষের থাকবে না। অন্যান্য সুবিধা; আমাদের প্রতিষ্ঠানের পরিচয় পত্র বাসে, ট্রেনে যাতয়াতে ছাত্রছাত্রীদের সুবিধা দেয়। এছাড়া মনোরম পরিবেশ শিক্ষার উপযোগী বাতাবরণ নতুন ভোরের আলো দেখায়।


## ছাত্রছাত্রী কর্তৃক ঘোষণাপত্র


ভর্তির সময় সকল ছাত্রছাত্রীকে নিম্নলিখিত শর্তগুলি পূরণে অঙ্গীকারবদ্ধ হতে হবে।


1) আমি বিদ্যায়তনের সমস্ত নিয়মকানুন মেনে চলব।
2) সমস্ত যন্ত্রপাতি, আসবাবপত্র ও বিদ্যোপকরণ যত্নসহকারে ব্যবহার করব। যদি কোন ক্ষেত্রে আমি একক বা সমষ্টিগতভাবে কোনো কিছু নষ্ট করি বা করার চেষ্টা করি, তাহলে কর্তৃপক্ষ আমার বা আমাদের ক্ষেত্রে যে পদক্ষেপ গ্রহণ করবেন আমি তা মেনে নিতে বাধ্য থাকব।
3) ওয়ার্কশপে প্রাক্টিক্যাল চলাকালীন, ইণ্ডাস্ট্রিয়াল ভিজিটের সময়, ক্যাম্পাসিং চলাকালীন বা প্লেসমেন্টে থাকা কালীন যেকোনো প্রকার দুর্ঘটনা ঘটলে, কর্তৃপক্ষকে কোনোভাবে দায়ী সাব্যস্ত করতে পারব না।
4) পাঠগ্রহণ পর্বে কোনো প্রকার সমস্যা হলে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকার সঙ্গে যোগাযোগ করব এবং বিষয়টি না মিটলে অফিসের কাছে লিখিত আবেদনসহ সশরীরে উপস্থিত হয়ে সমস্যাটি অবগত করব এবং উনার দ্বারা নির্দেশিত সিদ্ধান্তসমূহ মেনে নিতে বাধ্য থাকবো। এই সিদ্ধান্ত পর্যালোচনার জন্য আমি অন্য কোনো পর্যায়ে পুনরায় আবেদন করব না।


# WORKSHOP ELECTRICIAN














# সাধারণ জ্ঞাতব্য বিষয়

1) ITI ট্রেড কোর্সগুলি অনুমোদন করেছেন National Council for Vocational Training (NCVT) Under Director of Directorate General of Employment & Training (DGE & T), Ministry of Labour & Employment, Govt. of India.
2) ITIট্রেড কোর্সগুলির পরীক্ষা নেয় NCVT কিন্তু তত্বাবধানের দায়িত্বে থাকেন Directorate of Industrial Training (DIT), Govt. of West Bengal.
3) ITIট্রেড কোর্সগুলিকে বলে NCVT, অনুমোদিত ট্রেড কোর্স, এই ট্রেড কোর্সগুলি শ্রেণীকক্ষে পাঠ শেষ করে নির্ধারিত যে পরীক্ষায় বসতে হয়, তাকে All India Trade Test (AITT) বলে।
4) AITT যারা উত্তীর্ণ হয় তারা Apprenticeship অনুসারে Stipendiary Apprenticeship - এর সুযোগ পায় রেপুটেড কোম্পানীগুলিতে এক বছরের জন্য।
5) NCVT ট্রেড কোর্সের জন্য আমাদের কলেজে বছরে একটি সেশানের (August) জন্য ভর্তি নেওয়া হয়।
6) ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের (Elec. / Fitter / Survey) বিষয়গুলির জন্য মাধ্যমিক পরীক্ষায় অঙ্কে 50% নাম্বার থাকলে নির্দিষ্ট Admission ফি জমা দিয়ে সরাসরি ভর্তি হতে পারবে। অন্যথায় Admission Form পূরণ করে জমা দেওয়ার সময় শিক্ষাবর্ষের ঘোষিত তারিখে প্রবেশিকা পরীক্ষায় বসলে মেধা তালিকা অনুসারে ভর্তি নেওয়া হবে। যে সকল প্রার্থী-ছাত্রছাত্রী মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তারা ফর্ম তুলে জমা দেওয়ার পর প্রবেশিকা পরীক্ষায় বসে যদি মেধা তালিকায় অন্তর্ভুক্ত হয়, তবে তাদের ভর্তির টাকা জমা দিয়ে ভর্তি হতে হবে এবং 31 শে জুলাই -এর মধ্যে মাধ্যমিক পাশ সার্টিফিকেট জমা দিতে হবে। অন্যথায় তাদের ভর্তি বাতিল করা হবে। যদি কোন প্রার্থী ITI তে ভর্তির পর মাধ্যমিকে উত্তীর্ণ না হয়, তাহলে তার প্রদেয় ভর্তি ফি ফেরত দেওয়া হবে।
7) NCVT affiliated ITI কোর্সে ভর্তির জন্য বয়স হতে হবে ন্যূনতম 14 বছর। বয়সের কোন উর্ধ্বসীমা নেই।
8) ভর্তির সময় ছাত্রছাত্রীদের 10 কপি পাশপোর্ট সাইজের রঙিন ছবি ও 15mm X 12mm এর একটি ছবি আইডেন্টিটি কার্ডের জন্য এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের দুই সেট জেরক্স কপি (অ্যাটেস্টেড) সঙ্গে অরিজিন্যাল আনতে হবে এবং একটি অফিস খামের উপর পাঁচটাকার ডাক টিকিট সেঁটে নাম ঠিকানা লিখে জমা দিতে হবে।
9) যদি কোন ট্রেডে ভর্তির পূর্বে ঐ বিষয় সম্পর্কে পূর্ব অভিজ্ঞতা বা শিক্ষা থাকে, তার প্রমাণপত্রের জেরক্স কপি (অ্যাটেস্টেড) জমা দিতে হবে এবং সঙ্গে অরিজিন্যাল কপি আনতে হবে।
10) ট্রেনিং ফি একসঙ্গে এবং নির্ধারিত ইনস্টলমেন্টে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।
11) রেজিস্ট্রেশান ও পরীক্ষার ফি, ড্রয়িং ইনস্ট্রুমেন্ট, ড্রয়িং শীট, হ্যাণ্ডটুলস, জব শীট, ডায়েরী বুক, হ্যাণ্ডবুক, সরস্বতী পূজা ও বিশ্বকর্মা পূজার চাঁদা বাবদ অতিরিক্ত ফি Rs. 5000 আগষ্ট মাসের প্রথম সপ্তাহে অর্থাৎ ক্লাস শুরুর এক সপ্তাহের মধ্যে জমা দিতে হবে। নাহলে হ্যাণ্ডটুলস্ সহ অন্যান্য সামগ্রী প্রদান করা হবে না।
12) ক্লাস শুরুর 15 দিন থেকে 1 মাসের মধ্যে আইডেন্টিটি কার্ড দেওয়া হবে, ITI কোর্সের ছাত্রছাত্রীদের প্রত্যহ আইডেন্টিটি কার্ড লাগিয়ে কলেজে আসা বাধ্যতামূলক।
13) ছাত্রছাত্রীদের উপস্থিতি থিয়রি ক্লাসে 75% এবং প্রাক্টিক্যাল ক্লাসে 90% হওয়া আবশ্যক।
14) ভ্রমণ, সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতায় যোগদান বাধ্যতামূলক।
15) প্রত্যেক ট্রেডে প্লেসমেন্টের চেষ্টা করা হবে, কিন্তু সকলক্ষেত্রে ছাত্রছাত্রীদের আগ্রহ ও চেষ্টা তাদের সাফল্য এনে দেবে।
16) কলেজের পরিবেশ সুন্দর রেখে পঠন-পাঠনের উপযোগী করে রাখার জন্য সকলের দায়িত্ব ও দায়বদ্ধতা রয়েছে। কোন ছাত্রছাত্রী ধারাবাহিকভাবে তা নষ্ট করার চেষ্টা করলে তাকে শাস্তি প্রদান করা হবে।
17) যদি কোন ছাত্রছাত্রী নতুন সেশানের শুরুতে ধারাবাহিকভাবে পরপর দশদিন অনুপস্থিত থাকে, তাহলে ঐ ছাত্রছাত্রী বিনা নোটিশে বহিষ্কৃত হবে। এক্ষেত্রে কোন ফি ফেরত দেওয়া হবে না।
18) ক্লাস শুরুর একমাসের মাথায় যে Unit Test হবে তাতে অনুপস্থিত ছাত্রছাত্রীর ভর্তি বাতিল করা হবে। Admission Feesফেরত দেওয়া হবে না।
19) কলেজ নির্ধারিত ড্রেস ও কালো বুট জুতো পরে আসা বাধ্যতামূলক।
20) ইঞ্জিনিয়ারিং ট্রেডের ছাত্রছাত্রীদের শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকা প্রয়োজন। নাহলে প্রাক্টিক্যাল জব করার সময় দুর্ঘটনা ঘটতে পারে। অবশ্যই দৃষ্টিশক্তি স্বাভাবিক থাকা প্রয়োজন।














# NBiT

*Pvt. Industrial Training Institute*







# ট্রেনিং ও প্লেসমেন্ট

ট্রেনিং - এর উৎকর্ষতা প্লেসমেন্টের নিশানা। তাই আমাদের ইলেকট্রিশিয়ান, ফিটার, সার্ভে, কম্পিউটার অপারেটর অ্যাণ্ড প্রোগ্রামিং অ্যাসিস্টেন্ট ও মাল্টিমিডিয়া অ্যানিমেশান অ্যান্ড স্পেশাল এফেক্টস্ ট্রেডের ছেলেমেয়েরা এ রাজ্য ছাড়িয়ে আসাম, উত্তরপ্রদেশ, ওড়িষ্যা, মধ্যপ্রদেশ, গুজরাট, মহারাষ্ট্র ও দিল্লীর নামী কোম্পানীগুলিতে কাজ পেয়েছে বা উচ্চতর পাঠ গ্রহণের জন্য সুযোগ পেয়েছে। এই প্রেরণা ও সাফল্যকে সঙ্গে নিয়ে আমাদের বিশ্বাস ITI -র বর্তমান সকল ছাত্র-ছাত্রীই আগামী দিনে এই প্রতিষ্ঠানের মুখোজ্জ্বল করবে, শুধু তাই নয় ইতোমধ্যে বেশ কয়েকটি নামী কোম্পানীর সঙ্গে টাই-আপ করা হয়েছে ইণ্ডাস্ট্রিয়াল ভিজিট, অ্যাপ্রেন্টিসশিপ ও প্লেসমেন্টের জন্য। কারণ, ধীরে ধীরে বেড়ে ওঠা এই প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের দায়বদ্ধতা, দায়িত্ববোধ, কাজের দক্ষতা প্রমাণিত সত্য হিসাবে স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ হচ্ছে ঐতিহ্যের বহমান পাতায় পাতায়।



**COMPUTER LAB**





Abbreviations :

NCVT : National Council for Vocational Training

DIT : Director of Industrial Training.

ITI : Industrial Training Institute.

SDIS : Skill Development Initiative Scheme.

DGE &T : Director General of Employment & Training.


RDAT : Regional Directorate of Apprenticeship Training.




# NCVT অনুমোদিত ITI ট্রেড কোর্স

| ট্রেডকোর্স | ইউনিট | আসন সংখ্যা | সময় সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ফিটার | 2+1=3 | 42+21=63 | 2 বছর | মাধ্যমিক |
| ইলেকট্রিশিয়ান | 3+3=6 | 63+63=126 | 2 বছর | মাধ্যমিক |
| সার্ভেয়র | 2+1=3 | 52+26=78 | 1 বছর | মাধ্যমিক |

**NCVT অনুমোদিত ITI ট্রেড কোর্সের শিক্ষাবর্ষ ১লা / ২রা আগষ্ট মাসে শুরু হয়।**
**ক্লাসের সময় সকাল ১০ / ১১ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।**
**বিঃ দ্রঃ- ক্লাস শুরুর ১৫ মিনিট পূর্বে প্রার্থনাতে উপস্থিত হওয়া বাধ্যতামূলক।**





Specimen of Certificate

# NANDIGRAM BHUTNATH INSTITUTE OF TECHNOLOGY

*Pvt. Industrial Training Institute*

***Trade Course Affiliated to :*** NCVT under DGE&T, Ministry of Labour & Employment Govt. of India, DIT Govt. of W.B.

**A Constituent of Bhutnath Pradhan Memorial Rural Development Society**

**Vill.+P.O. - REAPARA ✪ P.S. - NANDIGRAM ✪ Dist. - PURBA MEDINIPUR ✪ 721650 ✪ W.B.**

Serial No. **6003**

Date......./......../20

## Application Form For Admission To NCVT Trade Course ITI

Academic Session : 20[ ][ ] [August]

Roll No. (For Office use only) [ ][ ] [FIT][ELE][SUR] [1Y][2Y]

1. Personal Details

A. Candidate's Name (আবেদনকারীর নাম) [ ]

B. Father's Name (বাবার নাম) [ ]

C. Guardian's Name (অভিভাবকের নাম) [ ]

D. Mother's Name (মায়ের নাম) [ ]

Affix your passport size Photo and enclosed 9 passport photos.

E. Religion (ধর্ম) [Hindu][Sikh][Muslim][Christian][Others]

F. Sex (লিঙ্গ) [M] পুরুষ [F] মহিলা

G. Date of birth (জন্ম তারিখ) [D D M M Y Y Y Y]

H. Category [Gen][S/C][S/T][OBC]

I. If the applicant is PH [Yes][No]

J. Nationality [ ]

K. Language Known [Bengali][English][Hindi]

L. Family Income (Monthly) [Rs. ]

II EDUCATION DETAILS

A. General Qualification [ ][ ][ ][ ][ ][ ]

---

### RECEIVED COPY

Form No. **6003**..................

Academic Session : 20[ ][ ] [August][ ]

Received application form for admission to NCVT Trade Course from (Name)..................................................................

of vill.............................................P.O.................................................. Dist..........................................................

Name of the ITI / ITC Trade Course [FITTER] [ELECTRICIAN] [SURVEY]

*Date*......................

*Signature of Receiving Officer with Office Seal*

III. CONTACT DETAILS:

Present Address

Vill.

P.O.

P.S.

District

Pin.

State

III. CONTACT DETAILS:

Permanent Address

Vill.

P.O.

P.S.

District

Pin.

State

E-mail......................................................................

IV. NCVT TRADE COURSE IN WHICH ADMISSION IS SOOTH

A. Trade : 1 FITTER,2. ELECTRICIAN, 3. SURVEY.

The information furnished by me as above is true. If any discrepancy is found at any stage, I shall not claim for correction. (উপরে উল্লিখিত সমস্ত তথ্য সত্য। জ্ঞাত আছি যে তথ্যে যদি কোন ভুল থাকে এই আবেদন পত্র যে কোন সময়ে বাতিল হবে।)

Mobile :

9. DECLARATION BY THE STUDENT :

i) I promise that if admitted, I must abide by all the rules and regulations as per college code etc. and that my above noted statements are true to the best of my knowledge.

ii) In case of any offence (in contravention to the discipline of the Institute) committed by me. I am bound to suffer punishment awarded by the college authority with out any hesitation.

iii) Any kind of Physical accident in workshop the Institute will not liable.

Date :

Place :

*Signature of the Applicant*

10. Declaration by Guardian :

i) I admit that the above noted statements of my ward are true to the best of my knowledge.

ii) I am bound to hold responsible for any offence ( in contravention to the discipline of the college) Committed by ward and I am bound to abide by the decision of the college authority in such case unhesitatingly.

iii) Any kind of Physical accident in workshop the Institute will not liable.

Date :

Place :

*Signature of the Guardian*

## Course Fees for NCVT Affiliated ITI Trade Course

*(Effects from March 2013 upto New revise)*




| PURPOSE | FITTER | ELECTRICIAN | SURVEYOR | AMS | COPA |
|---|---|---|---|---|---|
| Admission Fee | 15000.00 | 10,000.00 | 5,000.00 | 5,000.00 | 5,000.00 |
| Development Fee | 5000.00 | 5,000.00 | 5,000.00 | 5,000.00 | 5,000.00 |
| Electric Fee | 1,500.00 | 1,500.00 | 1,500.00 | 1,500.00 | 1,500.00 |
| Game fee | 50.00 | 50.00 | 50.00 | 50.00 | 50.00 |
| Library / Magazine fee | 300.00 | 300.00 | 300.00 | 300.00 | 300.00 |
| Identity Card | 50.00 | 50.00 | 50.00 | 50.00 | 50.00 |
| Training Materials | 5,600.00 | 5,600.00 | 5,600.00 | 5,600.00 | 1,100.00 |
| Tution Fees | 31, 300.00 | 31,300.00 | 16,900.00 | 16,900.00 | 2,400.00 |
| Saraswati Puja | 600.00 | 600.00 | 300.00 | 300.00 | 300.00 |
| Viswakarma Puja | 600.00 | 600.00 | 300.00 | 300.00 | 300.00 |
| TOTAL | 60,000.00 | 55,000.00 | 35,000.00 | 50,000.00 | 16,000.00 |

## Instalment Provision

*(The Instalment must be submitted within 1st week of said period)*

| PERIOD | FITTER | ELECTRICIAN | SURVEYOR | AMS | COPA |
|---|---|---|---|---|---|
| At the time Admission | 20,000.00 | 20,000.00 | 15,000.00 | 30,000.00 | 11,000.00 |
| August | 10,000.00 | 10,000.00 | 5,000.00 | 5,000.00 | 5,000.00 |
| November | 10,000.00 | 10,000.00 | 5,000.00 | 5,000.00 | |
| March | 10,000.00 | 10,000.00 | 5,000.00 | 5,000.00 | |
| June | 10,000.00 | 10,000.00 | 5,000.00 | 5,000.00 | |
| Total | 60,000.00 | 55,000.00 | 35,000.00 | 50,000.00 | 16,000.00 |

## Our Practical Class

An ISO 9001 : 2008
Certified Organisation




# NANDIGRAM BHUTNATH INSTITUTE OF TECHNOLOGY

*Pvt. Industrial Training Institute*

Vill.+P.O.- Reapara, P.S.- Nandigram, Dist.- Purba Medinipur, PIN - 721650, (W.B.)
Phone (Office) - 03224 - 271433, Mobile : 8159956005
Website : nbitpiti.org // Email : nbitpiti2010@gmail.com

Printed by : Sa-Re-ga-Ma Print Artist, Balaipanda, M: 9775576416, e-mail : dasraj430@gmail.com